**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন৷**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশের চার বিশিষ্ট ব্যক্তিকে রাজ্যসভায় মনোনীত করেছেন।**

**(৩) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুরের সময় ব্রাহ্মোস ক্ষেপনাস্ত্র অসাধারণ ভূমিকা পালন করেছে।**

**(৪) সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বাল্যবিবাহ সহ সামাজিক ব্যাধির বিরুদ্ধে ও নেশামুক্ত সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন|**

*********************************************

**CM-SHAKTIPITH PARK :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন৷ এই পার্কে থাকবে ৫১টি শক্তিপীঠের প্রতিরূপ। পর্যটন দপ্তরের তত্ত্বাবধানে এই পার্কটি নির্মানে ব্যয় হবে প্রায় ৯৭ কোটি ৭০ লক্ষ টাকা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিকনির্দেশনা ও অনুপ্রেরণায় বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক স্থাপিত হবে | এজন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে মুখ্যমন্ত্রী ধন্যবাদ জানান। একজন মানুষের পক্ষে পুরো জীবনে সতীর ৫১টি শক্তিপীঠ দর্শন করা সম্ভব নয়। কিন্তু উদয়পুরের বনদুয়ারে এলে তা সম্ভব হবে। তিনি বলেন, এই পার্ক রাজ্যের জাতি-জনজাতি গোষ্ঠীর শিল্প, কৃষ্টি ও সংস্কৃতির বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন, একদিন ৫১ শক্তিপীঠ পার্কের জন্য বনদুয়ারের নাম সারা দেশের সঙ্গে বিশ্বেও ছড়িয়ে পড়বে। এই পার্কে স্থাপিত হবে ভারতবর্ষের সবচেয়ে বড় নটরাজ মূর্তি।

*********** CM BYTE *************

অনুষ্ঠানে বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বিধায়ক অভিষেক দেবরায়।

*********************

**SHAKTIPITH-PACKAGE STORY :**

ত্রিপুরার পর্যটন চিত্রপটে গোমতী জেলার উদয়পুর অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার। আধ্যাত্মিক পর্যটনের বলিষ্ঠ ঠিকানা- ৫১ শক্তিপীঠের অন্যতম ত্রিপুরা সুন্দরী মন্দির। সেই সূত্রেই আরও পর্যটক আকর্ষণের লক্ষ্যে মাতাবাড়ির অদূরে বনদুয়ারে গড়ে উঠতে চলেছে বাংলাদেশ, পাকিস্তান, নেপাল ও শ্রীলংকার পাশাপাশি ভারতের বিভিন্ন রাজ্যে থাকা সেই ৫১ টি শক্তিপীঠের প্রতিরূপ। আজ হলো অনন্য এই প্রকল্পের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন। একটি প্রতিবেদন।

VC- PACKAGE STORY

*************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশের চার বিশিষ্ট ব্যক্তিকে রাজ্যসভায় মনোনীত করেছেন। বিশিষ্ট আইনজীবী উজ্জ্বল দেওরাও নিকম, সমাজকর্মী সি সদানন্দন মাস্টার, প্রাক্তন বিদেশ সচিব হর্ষ বর্ধন শ্রিংলা এবং ইতিহাসবিদ ও শিক্ষাবিদ ডক্টর মীনাক্ষী জৈনকে রাজ্যসভায় মনোনয়ণ দেয়া হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এই মনোনয়নের কথা জানানো হয়েছে। মহারাষ্ট্রের শ্রী নিকম, মুম্বাই সন্ত্রাসী হামলার মামলায় সরকারী কৌঁসুলি হিসেবে কাজ করেছেন। কেরালার সি. সদানন্দন মাস্টারের শিক্ষায় দীর্ঘ কর্মজীবন রয়েছে। তিনি রাজনৈতিক সহিংসতার শিকার হয়েছেন এবং উভয় পা হারিয়েছেন। শ্রী শ্রিংলা যুক্তরাষ্ট্রে, বাংলাদেশ ও থাইল্যান্ডে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি গত 2023 সালে ভারতের G20 প্রেসিডেন্সির প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেছেন। ডাঃ জৈন দিল্লি বিশ্ববিদ্যালয়ের গার্গী কলেজে ইতিহাসের সহযোগী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

***********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশিষ্ট আইনজীবী উজ্জ্বল দেওরাও নিকম, সমাজকর্মী সি সদানন্দন মাস্টার, প্রাক্তন বিদেশ সচিব হর্ষ বর্ধন শ্রিংলা এবং ইতিহাসবিদ ও শিক্ষাবিদ ডক্টর মীনাক্ষী জৈনকে রাজ্যসভায় মনোনীত হওয়ার জন্য অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদি বলেছেন, আইন এবং সংবিধানের প্রতি শ্রী উজ্জ্বল নিকমের নিষ্ঠা অনুকরণীয়। প্রধানমন্ত্রী বলেন, হর্ষ

বর্ধন শ্রিংলা একজন কূটনীতিক, বুদ্ধিজীবী এবং কৌশলগত চিন্তাবিদ হিসেবে পারদর্শী।  সি. সদানন্দনকে অভিনন্দন জানিয়ে শ্রী মোদি বলেন, তাঁর জীবন সাহসের প্রতিমূর্তি এবং অন্যায়ের কাছে মাথা নত করতে অস্বীকার করা। প্রধানমন্ত্রী বলেন, ডঃ মীনাক্ষী জৈন একজন পণ্ডিত, গবেষক এবং ইতিহাসবিদ হিসেবে নিজেকে বিশিষ্ট করে তুলেছেন।

*******************

**Rajnath Singh :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুরের সময় ব্রাহ্মোস ক্ষেপনাস্ত্র অসাধারণ ভূমিকা পালন করেছে। সিন্দুর অপারেশনের পর ব্রহ্মোস-এর চাহিদা বিদেশে বৃদ্ধি পেয়েছে। নিজের সংসদীয় এলাকা লখনউতে দুই দিনের সফরের দ্বিতীয় দিনে ন্যাশনাল পিজি কলেজে উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্র ভানু গুপ্তের মূর্তি উন্মোচন করার পর, প্রতিরক্ষা মন্ত্রী বলেন যে চৌদ্দটি দেশ ব্রহ্মোস ক্ষেপণাস্ত্র চেয়েছে এবং এটি লখনউ থেকে রপ্তানি করা হবে। এটি রাজ্যে কর্মসংস্থান বাড়াতে সাহায্য করবে।

********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

********************

**Minister Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বাল্যবিবাহ সহ সামাজিক ব্যাধির বিরুদ্ধে ও নেশামুক্ত সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন | আজ বি.জে.পি'র ডক্টরস সেল এর উদ্দোগে কৈলাশহরের কাউলীকুড়ায় এক মেগা স্বাস্থ্য শিবিরে উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্ববান জানান | তিনি বলেন, HIV/AIDS -এর সংক্রমণ প্রতিরোধে সাবধানতা ও সচেতনতা জরুরি |

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বি.জে.পি'র জেলা সভাপতি বিমল কর, ডক্টরস সেল এর নেতৃত্ব ডাঃ অভিজিৎ দেববর্মা প্রমুখ।

স্বাস্থ্য শিবিরে ১৭১ জন বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্ৰহন করেছেন।

*********************

**Minister Kishor Barman Nalchar :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন আজ সিপাহীজলা জেলার নলছড় বিধানসভা কেন্দ্রের ২০২৫ সালের সমস্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ পরীক্ষার্থীদের সম্বর্ধনা জানিয়েছেন | নলছড় দশমীঘাট কমিউনিটি হলে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস,ভাইস-চেয়ারপার্সন রীনা দেবনাথ প্রমুখ |

*************************

**Minister Sudhangshu Das :**

ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি রামকৃষ্ণ সেবাশ্রম প্রাঙ্গনে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, কুমারঘাট রামকৃষ্ণ সেবাশ্রমের উপদেষ্টা কমিটির আহ্বায়ক বিকাশেন্দু দেব, কাঞ্চনবাড়ি রামকৃষ্ণ সেবাশ্রমের সম্পাদক নিতাই দে প্রমুখ। শিবিরে কুড়িজন স্বেচ্ছায় রক্তদান করেন।

*************************

**ED PACL :**

এনফোর্সমেন্ট ডিরেক্টরেট, দিল্লি জোনাল অফিস তদন্ত চালিয়ে মের্সাস PACL সংস্থার নামে পঞ্জাব, হরিয়ানা, দিল্লি, মহারাষ্ট্র ও অষ্ট্রেলিয়া থেকে প্রাথমিকভাবে ৭৬২.৪৭ কোটি টাকা মূল্যের অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। ইডি জানিয়েছে, এই মামলাটি মের্সাস PACL এর মাধ্যমে এক বৃহৎ পরিসরের জাল

যৌথ বিনিয়োগ প্রকল্পের সঙ্গে সম্পর্কিত, যা বিনিয়োগকারীদের প্রতারণা করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছিল। এই প্রতারণামূলক প্রকল্পগুলির মাধ্যমে, মের্সাস PACL এর পরিচালক এবং অন্যান্যরা বিনিয়োগকারীদের কাছ থেকে প্রায় ৪৮ হাজার কোটি টাকা সংগ্রহ করেছে এবং তা আত্মসাৎ করেছে বলে প্রাথমিক তদন্তে জানা গেছে।

********************

**Rajib Bhattacharje Health Camp :**

আগরতলার দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের উদ্যোগে আজ ক্লাব প্রাঙ্গনে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। স্বাস্থ্য শিবিরে দেড় শতাধিক মানুষ বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্রহন করেন।

********************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ চম্পকনগরের বেলবাড়িস্থিত সেন্ট অ্যান্থনিজ হোম হোস্টেল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি ছাত্রছাত্রীদের আবাসন, স্বাস্থ্য, পরিচ্ছন্নতা বিষয়ে অবগত হন। মন্ত্রী শ্রী দেববর্মা জানান, স্বচ্ছ ও স্বাস্থ্যকর পরিবেশ শিক্ষার জন্য অত্যন্ত জরুরি। পরিকাঠামোগত দুর্বলতা ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্যের উপর প্রভাব ফেলতে পারে এবং তাদের পড়াশুনার ক্ষেত্রে বাঁধা হয়ে দাঁড়াতে পারে।তিনি হোস্টেলের অভ্যন্তরীণ পরিকাঠামো সংস্কারের বিষয়গুলির দ্রুত সমাধানের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে

নির্দেশ দেন ।তিনি বলেন, ছাত্রছাত্রীদের সার্বিক কল্যাণে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

**********************

## DYFI :

ডি.ওয়াই.এফ.আই এর উদ্যোগে আজ আগরতলার মেলারমাঠে ছাত্র-যুব ভবনে এক কর্মশালা অনুষ্ঠিত হয়|উপস্থিত ছিলেন ডিওয়াইএফআই-এর সর্বভারতীয় সম্পাদক হিমগ্ন রাজ ভট্টাচার্য। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি রাজ্য সর্বোপরি দেশের বেকার সমস্যার কথা উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করেন|

************************

## TMSU :

ত্রিপুরা মোটর শ্রমিক ইউনিয়নের ত্রয়োদশ কেন্দ্রীয় সম্মেলন আজ আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রাক্তন মন্ত্রী মানিক দে অভিযোগ করেন, দেশ ও রাজ্যের পরিবহন শিল্প বর্তমানে নানা সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। পরিবহন শ্রমিকদের জীবিকা নির্বাহ করা কঠিন হয়ে দাঁড়িয়েছে। এর জন্য তিনি রাজ্য সরকার ও শাসক দল পরিচালিত সংগঠনকে দায়ী করেছেন ।সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত|

**********************

**WEATHER-NATIONAL :**

ভারতের আবহাওয়া বিভাগ আগামী তিন থেকে চারদিনের মধ্যে মধ্যপ্রদেশ, গোয়া, কেরালা, উপকূলীয় কর্ণাটক, জম্মু ও কাশ্মীর এবং লাদাখে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। দপ্তর জানিয়েছে, আগামী পাঁচ দিনে আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা এবং অরুণাচল প্রদেশেও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**********************

**Weather-STATE :**

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৫ ডিগ্রি সেলসিয়াস।

***********************

**********************